

সিটিজেন চার্টার

ক্রমিক নং	সেবা প্রদানের বিবরণ	সেবার ধরন	সেবা প্রদানকারী	মন্তব্য
০১।	শিক্ষার মানোন্নয়ন	মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের সমন্বয়ে প্রতি মাসে একবার সমন্বয় সভা করে শিক্ষার মানোন্নয়নে বিভিন্ন বিষয়ে আলোচনা পর্যালোচনা করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সহ: উপ: মাধ্য: শিক্ষা অফিসার, ও উপজেলা একাডেমিক সুপারভাইজার	
০২।	প্রতিষ্ঠান পরিদর্শন	প্রতি মাসে শিক্ষা প্রতিষ্ঠান (১০ থেকে ১৫টি) পরিদর্শন করা হয়। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে কোন অনিয়ম কিংবা ঘাটতি পরিলক্ষিত হলে তা সমাধানের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় এবং পরিদর্শন বিবরণী উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়।	ঐ	
০৩।	বিনা মূল্যে পাঠ্যপুস্তক বিতরণ	উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের পাঠ্যপুস্তকের চাহিদা নিরূপন করে কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়। বরাদ্দকৃত পাঠ্যপুস্তক যথাযথভাবে সংরক্ষণ, শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী বিতরণ করা এবং সরকার ঘোষিত পাঠ্যপুস্তক উৎসব দিবসে সকল শিক্ষার্থীর হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহ: উপ: মাধ্য: শিক্ষা অফিসার ও উপজেলা একাডেমিক সুপারভাইজার	
০৪।	শিক্ষক-কর্মচারী এমপিওভুক্তকরণ	উপজেলাধীন সকল বেসরকারী নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীগণের এমপিও ভুক্তি/ টাইম স্কেল/উচ্চতর স্কেল প্রতি নন-এমপিও মাসের ০১-০৮তারিখ অন-লাইন আবেদন করলে যাহা যাচাইঅন্তে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়। উপজেলাধীন সকল বেসরকারী মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণের এমপিও ভুক্তি/ টাইম স্কেল/উচ্চতর স্কেল প্রতি মাসের ০১-০৫তারিখ অন-লাইন আবেদন করলে যাহা যাচাইঅন্তে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	
০৫।	শিক্ষক-কর্মচারীদের মাসিক হাজিরা প্রতিবেদন	এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের (বিদ্যালয় ও মাদ্রাসা) শিক্ষক-কর্মচারীগণের মাসিক হাজিরার প্রতিবেদন প্রতিস্বাক্ষর করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	

০৬।	শিক্ষক প্রশিক্ষণ	কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী বিষয় ভিত্তিক শিক্ষককে প্রশিক্ষণে প্রেরণ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
০৭।	SBA, PBM, CQ, CA কার্যক্রম বাস্তবায়ন	সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মানোন্নয়নের জন্য ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত SBA কার্যক্রম পরিচালনা করা হয় এবং সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন পূর্বক অভ্যন্তরীণ পরীক্ষা গ্রহণের ব্যবস্থা নেয়া হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সহ: উপ: মাধ্য: শিক্ষা অফিসার, ও উপজেলা একাডেমিক সুপারভাইজার
০৮।	প্রাতিষ্ঠানিক স্ব-মূল্যায়ন তথ্য (Institutional Self-Assessment Summary)	উপজেলাধীন সকল বেসরকারী বিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক স্ব-মূল্যায়ন তথ্য (Institutional Self-Assessment Summary, ISAS) সংগ্রহ করে যাচাইঅন্তে জেলা শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সহ: উপ: মাধ্য: শিক্ষা অফিসার, ও উপজেলা একাডেমিক সুপারভাইজার
০৯।	উপবৃত্তি টিউশন ও ফি প্রদান	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (PMEAT) এর আওতায় স্নাতক (পাস) ও সমমান শ্রেণির, এবং সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত হয়ে ক্যাটাগরী ভিত্তিক শিক্ষার্থী যাচাইঅন্তে প্রতিষ্ঠান প্রধানগণ অনলাইনে শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি করেন। যা পরিবিক্ষণ পূর্বক উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
১০।	শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন	উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহে বাস্তবায়িতব্য যে কোন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে যথাযথ দিক নির্দেশনা প্রদান করা হয় এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সহ: উপ: মাধ্য: শিক্ষা অফিসার, ও উপজেলা একাডেমিক সুপারভাইজার
১১।	জাতীয় শিক্ষা সপ্তাহ, সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা	প্রত্যন্ত ও গ্রামাঞ্চলের শিক্ষার্থীদের মানোন্নয়ন এবং শহর ও গ্রামাঞ্চলের শিক্ষার্থীর মেধা যাচাইয়ের জন্য প্রতি শিক্ষাবর্ষে জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন এবং সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সহ: উপ: মাধ্য: শিক্ষা অফিসার, ও উপজেলা একাডেমিক সুপারভাইজার
১২।	ক্রীড়া প্রতিযোগিতা	প্রতি শিক্ষাবর্ষে “বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির গ্রীষ্মকালীন/শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা” অনারস্বড় অনুষ্ঠানের মধ্য দিয়ে উদযাপন করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সহ: উপ: মাধ্য: শিক্ষা অফিসার, ও উপজেলা একাডেমিক সুপারভাইজার